

# বার্ষিক্যভাতার জন্য আবেদনপত্র

১) আবেদনকারী / আবেদনকারিণীর নাম :

২) পিতা / স্বামীর নাম (বিবাহিতা মহিলার ক্ষেত্রে) :

৩) আবেদনকারী / আবেদনকারিণীর বর্তমান ঠিকানা :

বাড়ির নং এবং রাস্তার নাম (শহরাঞ্চলে) :

গ্রাম / শহর :

ডাকঘর :

থানা :

জেলা :

৪) ক) দরখাস্ত করার সময় বয়স :

খ) বয়সের প্রমাণ হিসাবে যে দলিল দাখিল করিবেন তার বিবরণ :

[ সাধারণত বয়সের প্রমাণ হিসেবে নিম্নলিখিত দলিল গ্রাহ্য হবে :

জন্ম রেজিস্ট্রেশন সার্টিফিকেট; ঠিকুজি / কোষ্ঠী বা জন্ম পত্রিকা;  
বিদ্যালয়, মধ্যশিক্ষা পর্ষদ বা কলেজ প্রভৃতির সার্টিফিকেট; পঞ্চায়েত  
সভাপতির সার্টিফিকেট; (শহরাঞ্চলে) মিউনিসিপ্যালিটির চেয়ারম্যানের  
সার্টিফিকেট; পৌরপিতার সার্টিফিকেট এবং সরকারি চিকিৎসকের  
সার্টিফিকেট ]

৫) বর্তমান পেশা ও আয় :

৬) পূর্বে অপর কোন পেশা থাকলে তার বিবরণ :

৭) শারীরিক অক্ষম হলে অক্ষমতার বিবরণ :

৮) আত্মীয়স্বজন ছাড়া অন্য কোন সূত্র থেকে সাহায্য পান কিনা, পেলে তার বিবরণ

৯) কোন আয় না থাকলে কিভাবে ভরণপোষণের খরচ চলে

১০) ক) নিজের বাড়ি আছে কিনা, না থাকলে দেয়  
বাড়ি ভাড়ার পরিমাণ

খ) কোন ইউনিয়ন রেন্ট / অঞ্চল পঞ্চায়েত ট্যাক্স/  
মিউনিসিপ্যাল ট্যাক্স ধার্য থাকলে তার পরিমাণ

১১) ক) পশ্চিমবঙ্গে বসবাসের কাল

খ) পূর্ববঙ্গের উদ্বাস্তু হলে রিফিউজি /  
মাইগ্রেশন সার্টিফিকেটের নম্বর ও তারিখ

১২) আবেদনকারীর স্ত্রী / স্বামী, পুত্র, অবিবাহিতা কন্যা, পৌত্র, পরিবারের অন্যান্য সদস্যের পূর্ণ বিবরণ :

ক্রমিক নং	নাম	বয়স	পেশা ও মাসিক আয়	ঠিকানা	আবেদনকারী / আবেদনকারিণীর সঙ্গে সম্পর্ক	মন্তব্য

১৩) ক) ইতিপূর্বে এ ধরনের ভাতার জন্য আবেদন  
করা হয়েছে কিনা। হলে কোথায় দাখিল  
করা হয়েছে এবং তার তারিখ

খ) এ আবেদন নামঞ্জুর হয়ে থাকলে সরকারী  
পত্রের নম্বর ও তারিখ

১৪) বার্ষিক ভাতা মঞ্জুর হলে কোন ঠিকানায় তা  
পেতে চান

আমি অঙ্গীকার করছি যে উপরি উক্ত তথ্যাদি সত্য।

আবেদনকারী / আবেদনকারিণীর সহি /টিপ সহি  
তারিখ

সনাক্তকারীর নাম, ঠিকানা ও পদ :

\_\_\_\_\_  
\_\_\_\_\_  
\_\_\_\_\_

# তদন্তকারী আধিকারিকের রিপোর্ট

ক) আবেদনপত্রে বর্ণিত তথ্যাদির সত্যাখ্যান করিলাম। তদন্তে আবেদনকারী / আবেদনকারিণীর প্রদত্ত তথ্যগুলি সত্য বলে প্রমানিত হল /  
.....দফায় বর্ণিত তথ্যগুলি যথার্থ নয় বলে প্রমানিত হল।

খ) আবেদনকারী / আবেদনকারিণীর বয়স দলিল (\*.....) দ্বারা .....  
বছর বলে প্রমানিত হল / আকৃতি অনুসারে আবেদনকারী / আবেদনকারিণীর বয়স স্থানীয় তদন্তে ..... বছর বলে অনুমান হয়।

গ) বার্ষিক্য ভাতার নিয়মাবলী অনুসারে আবেদনকারী / আবেদনকারিণী তা পাবার যোগ্য। এক্ষেত্রে বার্ষিক্য ভাতা মঞ্জুর করা যেতে পারে।

ঘ) নিম্নলিখিত কারণে আবেদনকারী / আবেদনকারিণী তা পাবার যোগ্য নন; তার দরখাস্ত নামঞ্জুর করা যেতে পারে।

১) .....

২) .....

৩) .....

\* দলিলের বর্ণনা দিতে হবে।  
তারিখ .....

তদন্তকারী আধিকারিক

পঞ্চায়েত সমিতির মন্তব্য

তারিখ .....

জেলা পরিষদের মন্তব্য

তারিখ .....

চক্রচর নিয়ামক / জেলা শাসকের সুপারিশ

বার্ষিক্য ভাতা মঞ্জুর / নামঞ্জুর করা যেতে পারে  
চক্রচর নিয়ামক / জেলা শাসক

তারিখ .....

## সরকারি নির্দেশ

[আবেদনকারী / আবেদনকারিণী ফর্মটি পূরণ করার আগে নিচে উদ্ধৃত বার্ষিক্য ভাতা বিধি, ১৯৯০-এর কয়েকটি ধারা অনুধাবন করবেন।]

৪) (১) নিম্নলিখিত ব্যক্তিগণ বার্ষিক্য ভাতা পাবেন :

- ক) যিনি পশ্চিমবঙ্গের বাসিন্দা এবং যার বয়স ৬০ বছর হয়েছে ( বিকলাঙ্গ ও জড়বুদ্ধিসম্পন্ন ব্যক্তির ক্ষেত্রে ঐ বয়স সীমা ৫৫ বছর ) ;
- খ) যাঁর পারিবারিক মাসিক আয় ১০০ টাকার বেশী নয় ;
- গ) যাঁকে ভরণপোষণ করার মত কোন আত্মীয় নেই ; এবং
- ঘ) দরখাস্তের তারিখে যিনি অন্যান্য ১০ বছর যাবত পশ্চিমবঙ্গে বাস করছেন ।

**মন্তব্য :**

(১) পেশাদার ভিখারীরা এই ভাতা পাবেন না । (২) অক্ষম ভাতা, বৈধব ভাতা, কৃষি ভাতা, রাজনৈতিক ভাতা, কেন্দ্র ও রাজ্য সরকারি অথবা অন্যান্য সংস্থার ভাতাপ্রাপকগণ এই ভাতা পাবেন না ।

৫) (১) কলকাতার বাসিন্দা পূর্তভবন, বিধান নগর, কলি- ৯১ এর চক্রনিয়ামকের অফিসে এবং মফঃস্বলের বাসিন্দা তাঁর এলাকার পঞ্চায়েত সমিতির অফিস এবং পৌর শহর, নোটিফায়েড এলাকার বাসিন্দা এস ডি ও অফিস থেকে দরখাস্তের ফর্ম পাবেন ;

(২) কলকাতার বাসিন্দা উপরি উক্ত চক্রনিয়ামকের অফিসে এবং মফঃস্বলের বাসিন্দা তাঁর এলাকার পঞ্চায়েত সমিতির অফিস এবং পৌর শহর, নোটিফায়েড এলাকার বাসিন্দা এস ডি ও অফিস থেকে দরখাস্তের ফর্ম জমা দেবেন ।

৬) (১) চক্রনিয়ামক / জেলা শাসক আবেদনকারী / আবেদনকারিণী ভাতা পাবার উপযুক্ত বলে বিবেচিত হলে তাঁকে মাসিক ১০০ টাকা করে ভাতা মঞ্জুর করবেন । এই ভাতা পশ্চিমবঙ্গ সরকারের ত্রাণ ও কল্যাণ বিভাগের বিবেচনা সাপেক্ষে পরিবর্তনযোগ্য ।

৭) ভাতা মঞ্জুর হলে সরকারি আদেশনামায় বর্ণিত তারিখ থেকে ডাকযোগে ভাতা বাবদ টাকা পাঠানো হবে এবং টাকা পাঠাবার খরচ সরকার বহন করবেন ।

৮) ভাতাপ্রাপককে তাঁর বক্তব্য পেশ করবার সুযোগ দিয়ে সরকার ভাতা সাময়িক বন্ধ বা বাতিল করতে পারেন যদি --

- (ক) অনুসন্ধানে দেখা যায় যে, অসত্য তথ্যের ভিত্তিতে ভাতা মঞ্জুর করা হয়েছে ; অথবা
- (খ) যে অবস্থায় ভাতা মঞ্জুর হয়েছিল তার পরিবর্তন হয়েছে ; অথবা
- (গ) ভাতা প্রাপক দায়ার আইনানুসারে কোন অপরাধে দণ্ডিত বা অন্য কোন প্রকার অসৎ আচরণে দোষী সাবস্ত হন ; অথবা
- (ঘ) নিয়োগ, ব্যবসা অথবা অন্য কোন উপায়ে অর্থনৈতিকভাবে পুনর্বাসিত হয়েছেন ।

৯) বাসস্থানের ঠিকানার পরিবর্তন হলে মফঃস্বলের ভাতাপ্রাপক সংশ্লিষ্ট পঞ্চায়েত সমিতির অফিসে, পৌর শহর, নোটিফায়েড এলাকার ভাতাপ্রাপক মহকুমা শাসকের অফিসে এবং কলকাতার ভাতাপ্রাপক চক্রচর নিয়ামকের অফিসে তাঁর ঠিকানার পরিবর্তনের তিরিশ দিনের মধ্যে জানাবেন । কলকাতা ব্যতীত অন্যান্য জেলার ভাতাপ্রাপক সংশ্লিষ্ট কালেক্টরকেও জানাবেন ।